

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### **MRT Line-5: Northern Route**

হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত ও নতুন বাজারের পর হতে ভাটারা পর্যন্ত ৬.৫০ কিলোমিটার উড়াল এবং আমিন বাজার হতে নতুন বাজারের ট্রানজিশন পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল মোট ২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৪টি স্টেশন (পাতাল ৯টি ও উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর নির্মাণ কাজ গত ০৪ নভেম্বর ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

#### **প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route মোট ১০টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ শে জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- CP-01(হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বর্তমানে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন কাজ চলমান। জুলাই ২০২৫ পর্যন্ত অগ্রগতি ৫৯.৩৭%।
- CP-02 (হেমায়েতপুর ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহ্বান করতঃ গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ১৭ জুলাই ২০২৫ তারিখ জাইকায় প্রেরণ করা হয়েছে।
- CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮ আগস্ট ২০২৪ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের উপর গত ২২ এপ্রিল ২০২৫ তারিখে জাইকার সম্মতি পাওয়া গেছে। বর্তমানে আর্থিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।
- CP-04 (আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর ১ পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০৫ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-05 (মিরপুর ১ স্টেশনের পূর্ব হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ১৪ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে গত ০৮ এপ্রিল ২০২৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হবে।
- CP-06 (কচুক্ষেত স্টেশনের পূর্ব হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ০৪ জুন ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃকও অনুমোদিত হয়েছে। বর্তমানে আর্থিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।

- CP-07 (রেলওয়ে ই এন্ড এম সিস্টেম এর ডিটেইলড ডিজাইন, উৎপাদন ও স্থাপন [সিগন্যালিং, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিফিকেশন, পিএসডি ও ইআরএমএসসহ]): দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-08 (রোলিং স্টক ও ডিপোতে রোলিং স্টকের ইকুইপমেন্ট ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ১১ জুলাই ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০২ জুন ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-09 (ডিপো ও মেইন লাইনের ট্র্যাক ওয়ার্ক নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয়েছে। গত ০৬ মার্চ ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সম্মতির জন্য গত ২৮ মে ২০২৫ তারিখে জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন [এএফসি] সিস্টেমের ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ এপ্রিল ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত মেইন লাইন ও স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি/আধাসরকারি সংস্থা হতে এমআরটি স্টেশনের Entry/Exit এর জন্য জমি হস্তান্তর প্রক্রিয়াধীন।